তারিখ ... 22 NOV 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

সমকাল

ইসলামী বিশ্ববিদ্যালয়

# ইবির ৩৭তম প্রতিষ্ঠাবার্ষিকী আজ

■ ইবি প্রতিনিধি

আজ মঙ্গলবার কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ৩৭তম প্রতিষ্ঠাবার্ষিকী। ১৯৭৯ সালের ২২ নভেম্বর আনুষ্ঠানিকভাবে এই বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। দিবসটি উপলক্ষে বিভিন্ন কর্মসূচির আয়োজন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

কর্মসূচির মধ্যে রয়েছে সকাল সাড়ে ৮টায় প্রথমে প্রশাসন ভবন ও পরে আবাসিক হলগুলোতে জাতীয় ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন, প্রতিষ্ঠানের সমৃদ্ধি কামনা করে দোয়া ও মোনাজাত। এর পর সকাল সাড়ে ১০টায় অনুষ্ঠিত হবে আনন্দ শোভাযাত্রা। এতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী অংশ নেবেন। এরপর বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান মিলনায়তনে অনুষ্ঠিত হবে এক আলোচনা সভা। এতে প্রধান অতিথি থাকবেন উপাচার্য অধ্যাপক ড. হারুন উর রশিদ আসকারী। বিশেষ অতিথি থাকবেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. শাহিনুর রহমান। আলোচনা সভার পর শুরু হবে সাংস্কৃতিক অনুষ্ঠান।